আইন-শৃঙ্খলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	**জনাব মকছুদুল হক চুট্টু,** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
সভার স্থান	:	ভাইস চেয়ারম্যানের কার্যালয়, চকরিয়া, কক্সবাজার।
সভার তারিখ ও স্থান	:	০৬/০৩/২০২২ খ্রি. সকাল: ১১:০০ ঘটিকা।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আইন-শৃঙ্খলা কমিটির সদস্য-সচিবকে সভার আলোচ্যসূচি নিয়ে আলোকপাত করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য-সচিব সভাকে নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর আলোকপাত করেন।

০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

আইন-শৃঙ্খলা কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শূনানো হয়। সভায় উপস্থিত ০৭ জনের মধ্যে ০৭ জনই পক্ষে মত দেয়ায় ১০০% ভোটে সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সুপারিশ সমূহ গৃহিত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
যানজট সংক্রান্ত	চিরিংগা বক্স রোডে অটো রিক্সা ও টমটম চলাচল করায় এবং ম্যাজিক ও হাইয়েজ গাড়ি দাড়িয়ে যাত্রী উঠা-নামা করার ফলে প্রতিনিয়ত যানজট হচ্ছে।	চকরিয়া হাইওয়েতে চলাচলকারী টমটম ও তিন চাকার যানবাহনের বিষয়ে নিয়মিত মোবাইল কোর্টের অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সহকারী কমিশনার (ভূমি), চকরিয়া। ২। অফিসার ইনচার্জ, চকরিয়া থানা।
মাদক ও জুয়া সংক্রান্ত	চেয়ারম্যান, সাহারবিল ইউপি জানান, সাহারবিল ইউনিয়নের মধ্যম পাড়ায় ইয়াবা সেবনকারী এবং ইয়াবা ব্যবসায়ীর তৎপরতা বৃদ্ধি পেয়েছে। ইয়াবা সেবনকারী ও ব্যবসায়ীদের দ্রুত আইনের আওতায় আনতে হবে। চেয়ারম্যান, চিরিংগা ইউপি জানান, এখন মোবাইলের মধ্যে জুয়া খেলা বেড়ে গেছে। রাস্তার পাশে ও বিভিন্ন দোকানে বসে ছেলেরা জুয়া খেলছে। এগুলো বন্ধ করার ব্যবস্থা নিতে হবে।	১। ইয়াবা, মদ, গাজা ইত্যাদি মাদকদ্রব্য পাচারকারী ও সেবনকারীদের দ্রুত গ্রেফতারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ২। মোবাইলে জুয়া খেলার বিষয়ে তদন্তপূর্বক অফিসার ইনচার্জ, চকরিয়া থানা আইনানুগ ব্যবস্থা নিবেন।	অফিসার ইনচার্জ, চকরিয়া থানা।
শব্দদূষণ সংক্রান্ত	চকরিয়া উপজেলায় হাইওয়েতে শব্দ দূষণ নিয়ন্ত্রনের লক্ষ্যে হাইড্রোলিক হর্নের ব্যবহার হ্রাস করার জন্য কি পদক্ষেপ নেয়া যায় এবং মহাসড়কে চুরি, ডাকাতি, খুন ও বিভিন্ন অজ্ঞাত লাশ পাওয়া গেলে তৎবিষয়ে কি পদক্ষেপ নেয়া যায় তা অফিসার ইনচার্জ, চকরিযা থানার দৃষ্টি আকর্ষণ করেন।	শব্দ দূষণ নিয়ন্ত্রণ, মহাসড়কে চুরি, ডাকাতি, খুন ইত্যাদি বিষয়ে ওসি, চকরিয়া থানাকে জরুরী ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, চকরিয়া থানা।

সভায় আর কোন আলাচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মকছুদুল হক চুট্টু)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবাজার।
ও
সভাপতি
আইন-শৃঙ্খলা কমিটি, চকরিয়া, কক্সবাজার।

স্মারক নং: অ:ই:কা:/চক:/কক্স:/২০২২- ৫০ তাং: ০৬/০৩/২০২২ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, কক্সবজার-১।
২। জেলা প্রশাসক, কক্সবাজার।
৩। পুলিশ সুপার, কক্সবাজার।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবজার।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেরা পরিষদ, চকরিয়া।
৭। সংরক্ষণ নথি।

জ্ঞাতার্থে ও কার্যাথে
২-৪) জনাব..
৪-৬) চেয়ারম্যান.. ইউনিয়ন পরিষদ।

(মো: হাবিবুর রহমান)
অফিসার ইনচার্জ
চকরিয়া থানা।
ও
সদস্য-সচিব
আইন-শৃঙ্খলা কমিটি, চকরিয়া, কক্সবাজার।

পরিশিষ্ট- "ক"

চকরিয়া উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির

দ্বি-মাসিক সভায় উপস্থিতির স্বাক্ষর ঃ

তারিখ : ০৬/০৩/২০২২খ্রিঃ, রোজঃ রবিবার, সকাল : ১১.০০ ঘটিকা।

ক্র:নং	নাম ও পদবী	মোবাইল	স্বাক্ষর
০১.	**জনাব মকছুদুল হক ছুট্টু,** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া ও সভাপতি, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৮২০-৩৪৭৩৫৪	
০২.	**জনাব গুলশান আক্তার,** উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া ও সদস্য, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৮১১-৬৬৬১৩৮	
০৩.	**ডাঃ মোহাম্মদ শাহবাজ,** উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, চকরিয়া ও সদস্য, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৭১১-২০৯৭৫৯	
০৪.	জনাব মো: বেনজির আহমেদ, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চকরিয়া ও সদস্য, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৯৩৪-২৬৭৩২৮	
০৫.	**জনাব আলহাজ্ব জসিম উদ্দিন,** চেয়ারম্যান, চিরিংগা ইউপি, চকরিয়া ও সদস্য, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৭১২-০৭৫১৫০	
০৬.	জনাব মহসিন বাবুল, চেয়ারম্যান, সাহারবিল ইউনিয়ন পরিষদ, চকরিয়া ও সদস্য, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৮১৫-৫৫৮০৯৩	
০৭.	**জনাব মো: হাবিবুর রহমান,** অফিসার ইনচার্জ, চকরিয়া থানা ও সদস্য-সচিব, আইন-শৃঙ্খলা কমিটি।	০১৭১৩-৩৭৩৬৬৭	